2023

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

All questions are compulsory.

Marks are indicated against each questions

UNIT – I (PROSE)

'ক'– গুচ্ছ : (গদ্যাংশ)

১, ২ ও ৩ নম্বর প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে – ক, খ, গ । প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লেখ।

১। 'আমি তখন ওয়াটার্লুর মাঠে ব্যূহরচনায় ব্যস্ত, অত দেখি নাই।' – ওয়াটার্লু – ১

(ক) ফ্রান্সের একটি গ্রাম ।

(খ) বেলজিয়ামের একটি গ্রাম ।

(গ) ইতালির একটি গ্রাম ।

২। 'তাঁর 'জিজ্ঞাসা' গ্রন্থের 'ফলিত জ্যোতিষ' নামক প্রবন্ধটি সকল শিক্ষিত লোকেরই পড়া উচিত ।' 'জিজ্ঞাসা' গ্রন্থের লেখক – ১

(ক) রামেন্দ্র সুন্দর ত্রিবেদী ।

(খ) জগদীশ চন্দ্র বসু ।

(গ) রাজশেখর বসু ।

৩। কৈশোর হল শিশু বিকাশের – ১

(ক) প্রথম স্তর ।

(খ) দ্বিতীয় স্তর ।

(গ) তৃতীয় স্তর ।

৪। হেডমাষ্টার মশায়ের কন্যার বিবাহ উপলক্ষে গুরুচরণ কোথায় গিয়েছিলেন ? ১

৫। 'মানুষের মন' গল্পের নরেশ এবং পরেশের ছোট ভাইয়ের নাম কী ছিল ? ১

৬। ১৯৭৯ সনে রাষ্ট্রীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ কত প্রকার মূল্যবোধের তালিকা প্রস্তুত করেছে ? ১

৭। কৈশোর কালের ইংরেজি প্রতিশব্দ Adolescence লাটিন ভাষার কোন্ শব্দ থেকে এসেছে ? ১

৮। 'আরো মাস কয়েক পরে খবর আসিল, বিমলের সাত বৎসর জেল হইয়াছে ।' – বিমল কার পুত্র ? কী অপরাধে তার জেল হয়েছিল ? ২

৯। 'কবিরাজ আসিলেন – সাত দিন চিকিৎসা করিলেন, জ্বর কমিল না, বরং বাড়িল,' – কবিরাজ কার চিকিৎসা করেছিলেন ? তার কী অসুখ হয়েছিল ? ২

১০। মূল্যবোধ বলতে কী বোঝায় ? ২

১১। 'মার্জারী মহাশয়া বলিলেন, ''চোরকে ফাঁসি দাও, তাহাতেও আমার আপত্তি নাই, কিন্তু তাহার সঙ্গে আর একটি নিয়ম কর,'' – বিড়ালের প্রস্তাবিত নিয়মটি কী ? ৩

১২। 'আদালতের বিচারে তাঁহার দশ টাকা জরিমানা হইয়া গেল ।' – কার জরিমান হয়েছিল ? তাঁর অপরাধ কী ছিল ? ৩

১৩। সাংখ্য দর্শনে কোন্ তিনটি প্রমাণ গ্রাহ্য ? ৩

১৪। সামাজিক মূল্যবোধের পরিচয় দাও । ৩

১৫। 'আকৃতি ও প্রকৃতি – উভয় দিক দিয়াই ইহাদের মিলের অপেক্ষা অমিলই বেশী ।' – এই উক্তি অনুসরণে 'মানুষের মন' গল্পের নরেশ ও পরেশ চরিত্রের বৈষম্য আলোচনা কর । ৫

UNIT–II (Poetry)

'খ'– গুচ্ছ : (পদ্যাংশ)

১৬ ও ১৭ নম্বর প্রশ্নের তিনটি করে উত্তর দেওয়া আছে – ক, খ, গ । প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লেখ ।

১৬। 'কোরাণ–পুরাণ–বেদ–বেদান্ত–বাইবেল–ত্রিপিটক' – বাইবেল – ১

(ক) পারসিকদের ধর্মগ্রন্থ ।

(খ) খ্রিষ্টানদের ধর্মগ্রন্থ ।

(গ) শিখদের ধর্মগ্রন্থ ।

১৭। 'গা–খানি তার শাঙন মাসের যেমন তমাল তরু' । – শাঙন অর্থাৎ শ্রাবণ বাংলা বৎসরের – ১

(ক) তৃতীয় মাস ।

(খ) চতুর্থ মাস ।

(গ) পঞ্চম মাস ।

১৮। 'দুর্ভাগা দেশ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে ? ১

১৯। 'বুদ্ধ–গয়া এ, জেরুজালেম এ, মদীনা, কাবা–ভবন,' – বুদ্ধ–গয়ায় কে সাধনায় সিদ্ধিলাভ করেছিলেন ? ১

২০। 'ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়' – ইন্দ্রের সভায় কে নেচেছিল ? ১

২১। 'এই হৃদয়ই সে নীলাচল, কাশী, মথুরা, বৃন্দাবন' – হিন্দুদের পবিত্র তীর্থ কাশীর অন্য নাম বারাণসী কেন ? ২

২২। 'মধুকর ডিঙা থেকে না জানি সে কবে চাঁদ চম্পার কাছে' – চম্পা রাজ্যটি কোথায় অবস্থিত ছিল ? প্রাচীন ও মধ্যযুগে বাংলার বণিক সম্প্রদায় কেন সেখানে যেতেন ? ২

২৩। 'রঙ পেলে ভাই গড়তে পারি রামধনুকের হার ।' – রামধনুক কী ? ২

২৪। 'হে মোর দুর্ভাগা দেশ, যাদের করেছ অপমান' – কবি কোন দেশকে দুর্ভাগা দেশ বলেছেন ? দুর্ভাগা দেশ বলার কারণ কী ? ৩

২৫। 'এই হৃদয়ের চেয়ে বড় কোনো আর মন্দির-কাবা নাই ।' – তাৎপর্য বিশ্লেষণ কর । ৩

২৬। 'খেলার দলে তারে নিয়েই সবার টানাটানি ।' – খেলার দলে নেবার জন্য কাকে সবাই টানাটানি করত ? তাকে টানাটানি করার কারণ কী ? ৩

২৭। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতা অবলম্বনে বাংলার প্রাকৃতিক রূপ বর্ণনা কর । ৫

UNIT – III (Reading)

'গ'– গুচ্ছ : (পঠন)

২৮। নিম্নোক্ত রচনাটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :

পঞ্চদশ শতাব্দীর শেষভাগ থেকেই ইউরোপিয় বণিকদের ভারতে আগমন ঘটে । বাংলাদেশে ইস্ট ইণ্ডিয়া কোম্পানি বিনাশুল্কে বাণিজ্য করার অনুমতি পায় । কোম্পানির একজন বিচক্ষণ কর্মচারী জব চার্নক ১৬৯০ খ্রিষ্টাব্দে সুতানুটি, গোবিন্দপুর ও কলকাতা নামে তিনটি গ্রাম কিনে কলকাতা মহানগরী প্রতিষ্ঠার সূচনা করেন । ১৭১৭ খ্রিষ্টাব্দে কোম্পানি সম্রাট ফারুকশিয়ারের কাছ থেকে বাংলা-বিহার-উড়িষ্যায় ব্যবসা করার নির্দেশনামা পায় । এই সূত্রে কোম্পানি ভারতে একচেটিয়া বাণিজ্যের অধিকার লাভ করে। ক্রমে তাদের শক্তি বৃদ্ধি পেতে থাকে। মোগল বাদশাহ শাহ আলম ১৭৬৫ খ্রিষ্টাব্দে এক ফারমান প্রচার করে ইষ্ট ইন্ডিয়া কোম্পানির রাজস্ব আদায়ের অধিকার মঞ্জুর করেন । কেন্দ্রীয় শাসনের দুর্বলতার সুযোগে কোম্পানি এ দেশের সম্পদ নিজেদের দেশে নিয়ে যেতে শুরু করে। ইতিমধ্যে কলকাতায় পাশ্চাত্য শিক্ষাদীক্ষার সূচনা হয় । ফোর্ট উইলিয়ম কলেজে শিক্ষার্থীদের জন্য বাংলা গদ্য পুস্তক রচনা আরম্ভ হয় । হিন্দু কলেজের শিক্ষকদের অনুপ্রেরণায় ছাত্রদের মধ্যে পাশ্চাত্য জ্ঞানের প্রতি আগ্রহ বৃদ্ধি পায় । এরই রেশ ধরে সমাজ ও ধর্মসংস্কার আন্দোলন শুরু হয় । অন্যদিকে ইষ্ট ইন্ডিয়া কোম্পানির অত্যাচার অবিচার এবং দেশীয় ভূস্বামীদের অন্যায় কার্যকলাপ জনচিত্তে ক্ষোভের সৃষ্টি করে । নানা জায়গায় বিক্ষোভ বিদ্রোহ সংঘটিত হয় । এরই চরম পরিণতি ঘটে ১৮৫৭ খ্রিষ্টাব্দে সিপাহী বিদ্রোহের মাধ্যমে । সিপাহী বিদ্রোহ ভারতে কোম্পানির শাসনের যবনিকা ঘটাল । পার্লামেন্টের সদস্যরা বুঝতে পারলেন বণিকরা রাজ্য শাসনের উপযুক্ত নয় । তাই ভারত মহারাণী ভিক্টোরিয়ার শাসনাধীন হল ।

(ক) কে কত খ্রিষ্টাব্দে কলকাতা মহানগরী প্রতিষ্ঠার সূচনা করেন ? ২

(খ) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি কার কাছ থেকে বাংলা-বিহার-উড়িষ্যায় ব্যবসা করার নির্দেশনামা পায় ? ১

(গ) কে কত খ্রিষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানিকে রাজস্ব আদায়ের অধিকার মঞ্জুর করেন ? ২

(ঘ) কোন্ কলেজে শিক্ষার্থীদের জন্য প্রথম বাংলা গদ্য পুস্তক রচনা আরম্ভ হয় ? ১

(ঙ) কত খ্রিষ্টাব্দে সিপাহী বিদ্রোহ হয়েছিল ? ১

২৯। সারাংশ লেখ : ৩

মানুষ গল্প শুনতে ভালোবাসে। আধুনিক পৃথিবী গল্প উপন্যাসে ছেয়ে গেছে। কিন্তু ইতিহাস এসব মনোরঞ্জকদের দলে নয়। ইতিহাস অতীতের কাহিনি বলে বটে – তবে তা কল্পনা মুক্ত অতীতের খাঁটি সত্য। গল্প বলাটা ইতিহাসের মূল লক্ষ্য নয়, উপায় মাত্র। ইতিহাসের মূল লক্ষ্য হচ্ছে, অতীতের আলোতে বর্তমানের পথ দেখানো।তত্ত্বদর্শী জ্ঞানীরা যে সব উপদেশ দিয়েছেন, তাঁদের উপদেশের বাস্তব রূপ দেখা যায় ইতিহাসে। সমাজ ও সভ্যতার অভ্যুদয় ও পতনের বন্ধুর পথে মানুষের যাত্রা ও যাত্রাশেষের দিগদর্শন হচ্ছে ইতিহাস।

UNIT– IV (Writing)

'ঘ'– গুচ্ছ : (লিখন)

৩০। গঙ্গানগর গ্রামের ইণ্ডিয়া ক্লাব ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপনের আয়োজন করেছে। এই উপলক্ষে সকাল সাতটায় অনুষ্ঠিত হবে বৃক্ষরোপণ কর্মসূচি। উক্ত কর্মসূচিতে অংশগ্রহণের আহ্বান জানিয়ে গ্রামবাসীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

৩১। রাজবাড়ি গ্রামে মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে। এতে ম্যালেরিয়া, ডেঙ্গু ইত্যাদি নানারকম রোগ–ব্যাধি হওয়ার সম্ভাবনা রয়েছে। এই মর্মে একটি প্রতিবেদন রচনা কর। ৩

৩২। বইয়ের কোন বিকল্প নেই। বই পড়ার উপকারিতা বর্ণনা করে তোমার ছোট ভাইয়ের কাছে একটি চিঠি লেখ। (চিঠিতে তোমার নাম লিখবে – 'ক'। ঠিকানা লেখার প্রয়োজন নেই।) ৮

৩৩। নিম্নোক্ত যে কোনো একটি বিষয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা কর : ১২

(ক) দৈনন্দিন জীবনে বিজ্ঞান।

(খ) ছাত্রছাত্রীদের জীবনে শিষ্টাচার ও সৌজন্যবোধের প্রয়োজনীয়তা।

(গ) মহাত্মা গান্ধী।

(ঘ) তোমার প্রিয় গ্রন্থ।

UNIT–V (Functional Grammar)

'ঙ'– গুচ্ছ : (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। পরস্পরের সঙ্গে অর্থসম্বন্ধযুক্ত দুই বা তার বেশি পদকে একপদে পরিণত করাকে কী বলে ? ১

৩৫। ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখ : নীলাকাশ। ১

৩৬। প্রত্যয় কত প্রকার ও কী কী ? ১

৩৭। লজ্জা + ইত = লজ্জিত। – কী প্রত্যয় ? ১

৩৮। কারক বিভক্তি নির্ণয় কর : ১×৩=৩

(ক) আনন্দমঠ বঙ্কিমচন্দ্রের দেশাত্মবোধক উপন্যাস।

(খ) দরিদ্রকে অকাতরে দান কর।

(গ) আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে।

৩৯। অশুদ্ধি সংশোধন কর : ১×৩=৩

আবিস্কার, দারুন, স্বার্থক।